

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
আইন ও বিচার বিভাগ  
বিচার শাখা-৩।

নং-১০.০০.০০০০.১২৭.২৭.০০৩.১৯-৩৪৯

তারিখ : ২২ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ  
০৬ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন


যেহেতু, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা এর সাবেক ডেপুটি রেজিস্ট্রার (যুগ্ম জেলা জজ) বর্তমানে আইন ও বিচার বিভাগে সংযুক্ত কর্মকর্তা (যুগ্ম জেলা জজ) জনাব মোঃ মাহমুদুল হাসান এর বিরুদ্ধে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ২ (চ) মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগের দায়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে বিভাগীয় মামলা নং ০৩/২০১৯ রঞ্জু করা হয়;

যেহেতু, জনাব মোঃ মাহমুদুল হাসান এর বিরুদ্ধে রঞ্জুকৃত ০৩/২০১৯ নং বিভাগীয় মামলায় ব্যক্তিগত গুনানীঅন্তে তাঁকে উক্ত অভিযোগের দায়ে 'তিরস্কার' দন্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করে বাংলাদেশ সুপ্রীম কোর্টের পরামর্শ যাচনা করা হলে বাংলাদেশ সুপ্রীম কোর্ট সরকারের সিদ্ধান্তে একমত পোষণ করে ;

সেহেতু, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা এর সাবেক ডেপুটি রেজিস্ট্রার (যুগ্ম জেলা জজ) বর্তমানে আইন ও বিচার বিভাগে সংযুক্ত কর্মকর্তা (যুগ্ম জেলা জজ) জনাব মোঃ মাহমুদুল হাসান-কে তাঁর বিরুদ্ধে রঞ্জুকৃত ০৩/২০১৯ নং বিভাগীয় মামলায় আনীত অভিযোগের দায়ে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস (শৃঙ্খলা) বিধিমালা, ২০১৭ এর বিধি ২ (চ) মোতাবেক 'তিরস্কার' দন্ড আরোপ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
০৩/০৭/২০২২


(মোঃ গোলাম সারওয়ার)  
সচিব

নং-১০.০০.০০০০.১২৭.২৭.০০৩.১৯-৩৪৯

তারিখ : ২২ আষাঢ় ১৪২৯ বঙ্গাব্দ  
০৬ জুলাই ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (দ্রোষ্টতার ক্রমানুসারে নয়) :

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-১/৪/৫/৮/বাজেট/উন্নয়ন, আইন ও বিচার বিভাগ।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জনাব মোঃ মাহমুদুল হাসান, সংযুক্ত কর্মকর্তা (যুগ্ম জেলা জজ), আইন ও বিচার বিভাগ।
- ৮। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।  
(উপরের প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশ করতে অনুরোধ করা হলো)।
- ৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

  
০৬/০৭/২০২২  
(মোহাম্মদ রহমত আলী)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫৭৬৬৩১